

## সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৫৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৭১]

১৯। ত্বলাক (তালাক) (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১. সম্মতি ব্যতীত ঋতুমতীকে ত্বলাক প্রদান হারাম, যদি ত্বলাক দেয় তবে ত্বলাক হয়ে যাবে এবং ত্বলাক প্রদানকারীকে রাজ'আতের (স্ত্রী ফিরিয়ে নেয়ার) নির্দেশ দিতে হবে

باب تَحْرِيم طَلاَقِ الْحَائِضِ بِغَيْرِ رِضَاهَا وَأَنَّهُ لَوْ خَالَفَ وَقَعَ الطَّلاَقُ وَيُؤْمَرُ بِجْعَتِهَا

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَزُهَيْرُ بْنُ حَرْب، وَابْنُ، نُمَيْرٍ \_ وَاللَّفْظُ لأَبِي بَكْرٍ \_ قَالُوا حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، مَوْلَى آلِ طَلْحَةَ عَنْ سَالِمٍ، عَنِ ابْنِ عُمْرَ، أَنَّهُ طَلَّقَ امْرَأَتَهُ وَهْىَ حَائِضٌ فَذَكَرَ ذَلِكَ عُمَرُ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ " مُرْهُ فَلْيُرَاجِعْهَا ثُمَّ لْيُطَلِّقْهَا طَاهِرًا أَوْ حَامِلاً " .

বাংলা

৩৫৫১-(৫/...) আবূ বাকুর ইবনু আবূ শায়বাহ, যুহায়র ইবনু হারব ও ইবনু নুমায়র (রহিমান্থমুল্লাহ) ..... সালিম (রহঃ) সূত্রে ইবনু উমর (রাযিঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি নিজের স্ত্রীকে তার ঋতুবতী অবস্থায় ত্বলাক (তালাক) দিলেন। তখন উমর (রাযিঃ) বিষয়টি নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম এর সকাশে আলোচনা করলেন। তিনি বললেন, তাকে আদেশ কর যেন সে তাকে রাজ'আত করে নেয়। পরে যেন তাকে তুহর (পবিত্র) অবস্থায় কিংবা গর্ভাবস্থায় (অবস্থা সম্পর্কে নিশ্চিত হয়ে) ত্বলাক (তালাক) দেয়।\* (ইসলামিক ফাউন্ডেশন ৩৫২৩, ইসলামীক সেন্টার৩৫২২)

## **English**

Ibn 'Umar (Allah be pleased with them) reported that he divorced his wife while she was in the state of menses. 'Umar (Allah be pleased with him) made mention of it to Allah's Apostle (ﷺ) and he said:

Command him to take her back, then divorce her when she is pure or she is pregnant.

ফুটনোট



\* এ বর্ণনার প্রেক্ষিতে উম্মাতের ইজমা হল, হায়য অবস্থায় ত্বলাক (তালাক) দেয়া হারাম। আর ত্বলাক (তালাক) দিলে গুনাহগার হবে। হাদীসে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুজু তথা ত্বলাক (তালাক) প্রত্যাহার করার নির্দেশ দেয়াতে স্পষ্টভাবে জানা গেল যে, ত্বলাক (তালাক) পতিত হয়েছে এবং রাজ'আত করা মুস্তাহাব। এটাও স্পষ্ট হল যে, ত্বলাক (তালাক) প্রদানের স্থান হল তুহর তথা পবিত্র অবস্থা। আর হাদীসের শেষে যে, ত্বলাক (তালাক) দিবে তুহর বা গর্ভাবস্থায় এ দ্বারা জানা গেল যে, গর্ভাবস্থায় ত্বলাক (তালাক) প্রদান জায়িয। ইমাম শাফি'ঈ এবং অধিকাংশ আলিম যেমন ত্বাউস, হাসান, ইবনু সীরীন ও অন্যান্যদের মতও এটাই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন